

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৩৫.০৩১.১৫-৩৭৬

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৩  
২৪ আগস্ট ২০১৬

**বিষয়: জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং উপদেষ্টাগণের জন্য অনুসরণীয় বিষয়।**

- ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০০.০০০০.৫১২.৩৫.০৩১.১৫-৫৫ তারিখ: ০৮.০২.২০১৬  
২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর-০৩.০৯২.০০৬.০০.০০.০০২.২০১২-৪৫৭ তারিখ: ১৪.৭.২০১৬

নবনিযুক্ত জেলা প্রশাসকগণ সরকারের উন্নয়ন-লক্ষ্য অর্জন, চলমান কর্মসূচি বাস্তবায়ন, সংশ্লিষ্ট এলাকার বিশেষ বৈশিষ্ট্যের প্রতি গুরুত্ব প্রদান, জনগণের আশা-আকাঙ্ক্ষা বাস্তবে রূপদান, আর্থ-সামাজিক অগ্রগতি ত্বরান্বিতকরণ তথা মাঠ পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলায় বাস্তবায়নযোগ্য তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সূত্রস্থ (১) নম্বর স্মারকে সকল জেলা প্রশাসক-কে অনুরোধ করা হয়। একই স্মারকে কর্মপরিকল্পনা বাস্তবায়নে পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলার স্থায়ী অধিবাসী অথবা ঐ জেলায় কর্মরত ছিলেন এমন একজন কর্মরত কিংবা অবসরপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব-কে উপদেষ্টা হিসাবে মনোনয়ন দেওয়া হয়। কিন্তু উপর্যুক্ত বিষয়ে আশানুরূপ অগ্রগতি পরিলক্ষিত হয়নি।

০২। অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনার ওপর উপদেষ্টাগণের মতামত এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত নবনিযুক্ত জেলা প্রশাসকগণের কর্মপরিকল্পনা পুনঃপর্যালোচনা করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে সূত্রস্থ (১) নম্বর স্মারকটি আংশিক সংশোধনপূর্বক অগ্রাধিকার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উপদেষ্টা, জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট অন্যান্যদের দায়িত্ব পুনর্বিদ্যায় করা সমীচীন বলে প্রতীয়মান হয়।

০৩। এমতাবস্থায়, অগ্রাধিকার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য নিম্নরূপ কর্মপরিধি পুনর্নির্ধারণ এবং নিম্নের বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

**ক) জেলা প্রশাসকের করণীয়**

- (০১) এসডিজি, রূপকল্প ২০২১, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প এবং মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, স্থানীয় বিশেষ বৈশিষ্ট, সংশ্লিষ্ট জেলার জনগণের বিশেষ আশা-আকাঙ্ক্ষা ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় নিয়ে অগ্রাধিকার কর্মপরিকল্পনা প্রণয়ন;
- (০২) কর্মপরিকল্পনাটি বাস্তবায়নযোগ্য ও পরিমাপযোগ্য হতে হবে;
- (০৩) যে সকল কার্যক্রম বর্তমানে বাস্তবায়নের শেষ পর্যায়ে বা চলমান রয়েছে সে সকল ক্ষেত্রে চলমান কর্মসম্পাদন সূচকের সঙ্গে সঙ্গতি রেখে কর্মপরিকল্পনা প্রণয়ন;
- (০৪) সংশ্লিষ্ট জেলার বিশেষ বৈশিষ্ট্য কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ;
- (০৫) সরকারের সমকালীন উদ্যোগসমূহ কর্মপরিকল্পনায় সংযোজন;
- (০৬) জেলার সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও অংশীজনদের মতামত গ্রহণপূর্বক কর্মপরিকল্পনা প্রণয়ন;

